গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজবাড়ী সদর, রাজবাড়ী
www.sadar.rajbari.gov.bd

স্মারক নং- ০৫.৩০.৮২০৭.০০৩.০৭.০০৫.২৩- ৪৫৭ তারিখ: ০১/৬/২০২৩ খ্রি:।

## নিয়োগ বিজ্ঞপ্তি

রাজবাড়ী জেলার সদর উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদসমূহে গ্রাম পুলিশ (মহল্লাদার) এর শূন্য পদের বিপরীতে গ্রাম পুলিশ নিয়োগ করা হবে। রাজবাড়ী সদর উপজেলাধীন সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র: নং | ইউনিয়নের নাম | পদের নাম | পদের সংখ্যা | ওয়ার্ড নং | নিয়োগ পদ্ধতি | বেতন | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | মিজানপুর | মহল্লাদার | ০১ টি | ৫ | সরাসরি নিয়োগ | সরকারিভাবে নির্ধারিত ৬,৫০০/= | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০২ | দাদশী | মহল্লাদার | ০১টি | ৬ | | | |
| ০৩ | বরাট | মহল্লাদার | ০২টি | ৪,৯ | | | |
| ০৪ | বসন্তপুর | মহল্লাদার | ০২টি | ১,৩ | | | |
| ০৫ | শহীদওহাবপুর | মহল্লাদার | ০৩টি | ৩,৫,৬ | | | |
| ০৬. | মূলঘর | মহল্লাদার | ০১টি | ৭ | | | |
| ০৭. | খানগঞ্জ | মহল্লাদার | ০১ টি | ৮ | | | |
| সর্বমোট = | | | ১১ টি | | | | |

## নিয়োগের শর্তাবলী:

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে এবং রাজবাড়ী সদর উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। তবে মহল্লাদারদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ওয়ার্ডের প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।

২। আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী এর বরাবর স্বহস্তে লিখিত সাদা কাগজে আবেদন দাখিল করতে হবে। আবেদনপত্র আগামী ২৫/৬/২০২৩ খ্রি: তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সরাসরি বা ডাকযোগে পৌছাতে হবে।

৩। আবেদনপত্রের (ক) প্রার্থীর নাম ( বাংলা ও ইংরেজিতে), (খ) পিতা/স্বামীর নাম, (গ)মাতার নাম , (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) জন্ম তারিখ, (চ) বয়স (২৫/৬/২০২৩ তারিখে), (ছ) জাতীয়তা, (জ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট)অভিজ্ঞতা (যদি থাকে), (ঠ) বিশেষ কোটার প্রার্থী হলে কোটার নাম উল্লেখসহ আবেদন করতে হবে।

৪। আবেদনকারীকে সৎ, কর্মঠ ও পরিশ্রমী হতে হবে। প্রার্থী বীর মুক্তিযোদ্ধা ও শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান বা পোষ্য হলে সে ক্ষেত্রে তাকে তার পিতা/মাতার বা পোষ্যর অনুকূলে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

৫। সোনালী ব্যাংকের যেকোন শাখা হতে উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর , রাজবাড়ী এর অনুকুলে আবেদকারীকে ৩০০/= (তিনশত) টাকা মূল্যের অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে।

৬। আবেদনপত্রের সাথে প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঙিন ছবি, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র , জাতীয় পরিচয়পত্র, জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র সমূহের অনুলিপি ( ১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ) এবং ১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র সংযুক্ত করতে হবে।

৭। প্রার্থীর বয়সের ক্ষেত্রে জন্ম সনদ, জাতীয় পরিচয়পত্র ও শিক্ষাগত যোগ্যতার সনদে জন্ম তারিখ একই হতে হবে।

৮। প্রার্থীর বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয় । মহল্লাদার পদে আবেদনকারীর বয়স আগামী ২৫/৬/২০২৩ খ্রি: তারিখে অবশ্যই ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্য এর ক্ষেত্রে বয়স ৩২ (বত্রিশ) বছর শিথিলযোগ্য।

৯। নিয়োগ পরীক্ষায় বাছাইকৃত প্রার্থীকে অবশ্যই অফিসার ইন চার্জ, রাজবাড়ী থানা এর চারিত্রিক সদাচরণ সনদপত্র গ্রহণ করে জমা প্রদান করতে হবে।

১০। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় সকল মূল সনদপত্র সঙ্গে আনতে হবে।

১১। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

CS CamScanner

১২। শারীরিক যোগ্যতা:

| প্রার্থী | সর্বনিম্ন উচ্চতা | সর্বনিম্ন ওজন | সর্বনিম্ন বুকের মাপ | |
|---|---|---|---|---|
| | | | স্বাভাবিক অবস্থায় | সম্প্রসারিত অবস্থায় |
| পুরুষ | ৫ ফুট ২ ইঞ্চি | ৫০ কেজি | ৩০ ইঞ্চি | ৩২ ইঞ্চি |
| মহিলা | ৫ ফুট | ৪৫ কেজি | ২৮ ইঞ্চি | ৩০ ইঞ্চি |

১৩। প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০/- টাকার ডাক টিকিটযুক্ত ৪.৫/১০ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।

১৪। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, ইউনিয়নের নাম এবং ওয়ার্ড নম্বর লিখতে হবে।

১৫। আবেদনপত্রের উপর কোন প্রকার সুপারিশ গ্রহণযোগ্য হবে না।

১৬। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃকপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১৭। তথ্য গোপন করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষের নজরে আসা মাত্রই কারণ দর্শানো বাতিরেকে নিয়োগ আদেশ বাতিল করা হবে।

১৮। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।। এ বিষয়ে কোন আপত্তি বিবেচনা করা হবে না।

১৯। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধিত/ বাতিল করতে পারবে।

২০। নিয়োগ সংক্রান্ত যাবতীয় তথ্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

০১/৬/২০২৩

(মার্জিয়া সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী
মোবাইল: ০১৭৩৩৩৩৬৪০৪
email-unorajbari@mopa.gov.bd

স্মারক নং ০৫.৩০.৮২০৭.০০৩.০৭.০০৫.১৫- ৪৫৯(২০)  তারিখ: ০১/৬/২০২৩ খ্রি:।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। জেলা প্রশাসক, রাজবাড়ী।

২। উপপরিচালক, স্থানীয় সরকার, রাজবাড়ী।

৩। চেয়ারম্যান উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

৪। অফিসার ইন-চার্জ, রাজবাড়ী থানা, রাজবাড়ী।

৫। উপজেলা প্রকৌশলী, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

৬। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

৭। উপজেলা ......................................অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

৮। চেয়ারম্যান,......খানখানাপুর ইউপি (সকল), রাজবাড়ী সদর, রাজবাড়ী। (তাকে তার ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে ইউনিয়নস্থ হাট বাজার ও গুরুত্বপুর্ণ স্থানে বিজ্ঞপ্তিটি লটকানোসহ সকল ইউপি সদস্যের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

৯। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজবাড়ী সদর, রাজবাড়ী । বিজ্ঞপ্তিটি উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টালে অন্তর্ভূক্তির জন্য বলা হলো)।

১০। নোটিশ বোর্ড।

১১। অফিস কপি।

০১/৬/২০২৩

উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

CS CamScanner